

গাজীপুর জেলার অন্তর্গত কালিয়াকৈর একটি ঐতিহ্যবাহী উপজেলা। ঢাকা জেলা থেকে অত্র উপজেলার দূরত্ব প্রায় ৫০ কি: মি:। উত্তর বঙ্গের সাথে রাজধানী ঢাকার সড়ক যোগাযোগের প্রবেশদ্বার একমাত্র মাধ্যম কালিয়াকৈর উপজেলা। এখানে গার্মেন্টসসহ ছোটবড় ৩৫০ টি কলকারখানা অবস্থিত। এছাড়াও আনছার একাডেমী, স্কাউট প্রশিক্ষণ কেন্দ্র, তালিাবাদ-ভূ-উপগ্রহ কেন্দ্র, হাইটেকপার্ক এই উপজেলাকে অলংকৃত করেছে ফলে কালিয়াকৈর উপজেলার অর্থনৈতিক গুরুত্ব দিন দিন বেড়ে চলেছে।

সরকারী সকল অফিসে, ইউনিয়ন পর্যায়ে এবং শিক্ষা প্রতিষ্ঠানে তথ্য প্রযুক্তির ব্যবহার চালু করা হয়েছে। তথ্য প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে জনগণের দোরগোড়ায় সেবা পৌঁছে দেয়ার জন্য উপজেলা প্রশাসন সদা তৎপর।

সমন্বিত উদ্যোগের মাধ্যমে একটি সুখী সমৃদ্ধ ও সন্ত্রাসমুক্ত কালিয়াকৈর উপজেলা গড়াই আমাদের লক্ষ্য।

উপজেলা নির্বাহী অফিসার  
কালিয়াকৈর, গাজীপুর।